# মুহাম্মাদ | Muhammad | مُحَمَّد

আয়াতঃ ৪৭ : ৫

## আরবি মূল আয়াত:

سَيَهۡدِيهِمۡ وَ يُصۡلِحُ بَالَهُمۡ ﴿۵﴾

## অনুবাদসমূহ:

অচিরেই তিনি তাদেরকে হিদায়াত দিবেন এবং তাদের অবস্থা সংশোধন করে দিবেন। — আল-বায়ান

তিনি তাদেরকে সঠিক পথে পরিচালিত করেন আর তাদের অবস্থা ভাল করে দেন। — তাইসিরুল

তিনি তাদেরকে সৎ পথে পরিচালিত করবেন এবং তাদের অবস্থা ভাল করে দিবেন। — মুজিবুর রহমান

He will guide them and amend their condition — Sahih International

৫. অচিরেই তিনি তাদেরকে পথনির্দেশ করবেন(১) এবং তাদের অবস্থা ভাল করে দিবেন।

(১) এখানে হেদায়াত করা বা পথপ্রদর্শনের অর্থ স্পষ্টত জান্নাতের দিকে পথপ্রদর্শন করা। [কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

(৫) তিনি তাদেরকে সৎপথে পরিচালিত করবেন এবং তাদের অবস্থা ভাল করে দেবেন। [1]

[1] অর্থাৎ, তাদেরকে এমন কাজের তাওফীক দান করবেন, যার ফলে তাদের জান্নাতের পথ সুগম হয়ে যাবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4550

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন